

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত জুলাই, ২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক।
সভার তারিখ ২৮/০৭/২০২১।
সভার সময় সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান অনলাইন ভিডিও সিস্টেম (জুম)।
উপস্থিতি রেকর্ডেড।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী প্রয়োজন আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে, সংশোধনের প্রয়োজন নাই। বিগত মাসের সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে সভাকে জানানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপপরিচালক।
২।	বিগত বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সার্বিক চিত্র সভায় উপস্থাপন করা হয় এবং ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন কর্মসম্পাদন ক্ষেত্রের সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	বার্ষিক প্রশিক্ষণ সূচি অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। ৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)।
৩।	বুনিয়াদি প্রশিক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কিত বিশেষ প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। বুনিয়াদি প্রশিক্ষণের নিমিত্ত সেমিনার আয়োজনের কথা সভায় আলোচনা করা হয়।	বুনিয়াদি প্রশিক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কিত বিশেষ প্রশিক্ষণ সুষ্ঠুভাবে আয়োজনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। ৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)।
৪।	বিপিআই এর কর্মপরিবেশ উন্নয়ন ও প্রাঙ্গণের সৌন্দর্যবর্ধনের নিমিত্ত ছাদ বাগান, বিপিআই প্রাঙ্গণে ঔষধি বৃক্ষরোপণ ও জনসচেতনতা বৃদ্ধির জন্য বিপিআই প্রাঙ্গণে পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মসূচি প্রসঙ্গে আলোচনা করা হয়।	বিপিআই এর কর্মপরিবেশ উন্নয়নে বাজেট বরাদ্দ এবং গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উপপরিচালক। ৩। সহকারী পরিচালক (হিসাব শাখা)। ৪। সহকারী পরিচালক (ভান্ডার শাখা)।

৫।	বিপিআই এর প্রশাসনিক কার্যক্রম সংস্কারের আওতাধীন অর্গানোগ্রাম সংশোধন এবং ভবিষ্য তহবিল প্রবিধি প্রণয়ন ও অনুমোদন বিষয়ে আলোচনা করা হয়। ভবিষ্য তহবিল প্রবিধি খসড়া প্রণয়নের কাজ শেষ পর্যায়ে আছে; শীঘ্রই তা অনুমোদনের উদ্দেশ্যে প্রেরণ করা হবে এবং অর্গানোগ্রাম সংশোধনের নিমিত্ত আইআইএফসি এর সাথে টেলিফোনে যোগাযোগ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	অর্গানোগ্রাম সংশোধনের নিমিত্ত আইআইএফসি এর সাথে সভার আয়োজন করতে হবে এবং ভবিষ্য তহবিল প্রবিধি খসড়া অতিসত্ত্বর অনুমোদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উপপরিচালক। ৩। ভবিষ্য তহবিল কমিটি। ৪। সহকারী পরিচালক (সকল)। ৫। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)।
৬।	গবেষণা ও লার্নিং সেশন সংক্রান্ত কার্যক্রম গ্রহণের নিমিত্ত আলোচনা করা হয়।	১। গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য রাজস্ব ও নিজস্ব বাজেট বরাদ্দের ব্যবস্থা করতে হবে। ২। জ্বালানি ও খনিজ সম্পদ খাতে উন্নয়ন সম্পর্কিত গবেষণার বিষয় নির্ধারণ করতে হবে। ৩। পিপিআর বিষয়ে লার্নিং সেশন আয়োজন করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৪। সহকারী পরিচালক (সকল)। ৫। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)।
৭।	মুজিববর্ষ উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর জীবনের উপর লিখিত বই সমৃদ্ধ একটি কর্নার লাইব্রেরিতে স্থাপন সম্পর্কে আলোচনা করা হয়।	বঙ্গবন্ধুর জীবনের উপর লিখিত বই সংগ্রহ ও কর্নার স্থাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উপপরিচালক। ৩। সহকারী পরিচালক (হিসাব শাখা)। ৪। সহকারী পরিচালক (ভান্ডার শাখা)। ৫। সহকারী পরিচালক (গ্রন্থাগার শাখা)।
৮।	অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও অভিযোগ নিষ্পত্তি বিষয়ে আলোচনা করা হয়। কোন অভিযোগ পাওয়া যায়নি মর্মে সভাকে অবহিত করা হয়।	কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উপপরিচালক। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক।

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.১৬.০২৪.১৮.২৩

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৮

২৯ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [দৃ: আ: উপসচিব, প্রশাসন-২ অধিশাখা],
- ২) পরিচালক (যুগ্ম সচিব), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং, আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৬) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৭) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৮) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৯) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১০) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন, প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম

মহাপরিচালক